অভিভাবকদের জন্য বিজ্ঞপ্তি

অভিভাবকত্ব গ্রহণের সাথে আপনি একটি গুরুত্বপূর্ণ নাগরিক দায়িত্ব পালন করলেন। আপনি একটি দায়িত্ব নিলেন , যা আপনি সচেতন ও দায়িত্বের সাথে শুধুমাত্র দত্তকের স্বার্থে পালন করিবেন
অভিভাবকত্বের আইনের ধারা গুলো নাগরিক আইনের সংকলনের ধারা §§ ১৭৭৩ থেকে ১৮৯৫ পর্যন্ত বর্ণিত আছে। যে ব্যক্তি অভিভাবকত্ব নিবেন তার জন্য অধিকার ও দায়িত্ব নাগরিক আইনের ধারা §§ ১৬৩১ থেকে ১৬৩৩ এবং নাগরিক আইনের সংকলনের ধারা § ১৮০০ তে বর্ণিত আছে।
সুপারিশ করা হচ্ছে যে এই আইনের ধারা গুলোর সাথে নিজে পরিচিত হওয়া।

নিম্নলিখিত নির্দিষ্ট বিশেষ বিষয় সমূহ :

ক) আপনার অধিকার এবং দায়িত্ব হল, যার অভিভাবকত্ব নেবেন তার এবং তার সম্পত্তির তদারক এবং তার প্রতিনিধিত্ব করা , আপনি প্রতিনিধিত্ব করতে পারবেন না সেই সব বিষয় , যেমন আইনি লেনদেন ও মামলা - নিজের নামে অথবা তৃতীয় পক্ষের প্রতিনিধি হিসেবে -, আপনার স্ত্রী , নিবন্ধিত জীবন সাথী অথবা বংশানু ক্রমিক আত্মীয় এবং অন্যান্য বিষয় সেখানে অভিভাবকত্বের সম্পর্ক জড়িত আছে।

১. দেখাশুনার দায়িত্বের অন্তর্ভুক্ত হচ্ছে অধিকার এবং কর্তব্য, দত্তককে মানুষ করে তোলা , তার দেখাশোনা করা এবং তার বাসভবন নির্ধারণ করা। এর সাথে আরও আছে দত্তকের সাথে তার মানসিক বিকাশ অনুযায়ী এসব বিষয় নিয়ে আলাপ করা। দত্তকের আবাসনের জন্য , যেটা তার স্বাধীনতা হরণ বা ইচ্ছার বিরুদ্ধে বা পক্ষের সাথে জড়িত , তাঁর জন্য আপনার পারিবারিক আদালত থেকে অনুমতির প্রয়োজন আছে।

২. দত্তকের সম্পত্তি দেখাশুনার জন্য আপনার দায়িত্ব হচ্ছে এগুলো ঠিকমত তদারক ও রক্ষণাবেক্ষণ করা এবং ভরণপোষণের খরচের দাবি করা। আপনি আপনার দায়িত্ব নেয়ার পর দত্তকের সম্পত্তির তালিকা নমুনা অনুযায়ী প্রস্তুত করে পারিবারিক আদালতে জমা দিবেন এবং এর নির্ভুলতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা দিবেন। আপনি দত্তকের সম্পত্তি নিজের জন্য ব্যবহার করতে পারবেন না। দত্তকের সম্পত্তি থেকে আপনি কোন দান করতে পারবেন না , যদি না একটি নৈতিক দায়িত্ব অথবা শোভনতা অনুযায়ী বিবেচনা করে গ্রহণ করা হয়।
দত্তকের টাকা যেখানে সুদ পাওয়া যায় সেখানে জমা রাখতে হবে , যেটা বর্তমান খরচের জন্য প্রয়োজন পরবে না। বিবেচনায় আসে প্রধানত দত্তকের টাকা রাখার নিশ্চয়তা সম্পন্ন একটি ব্যাঙ্কে দত্তকে র ব্লক নোটিশ সমেত সঞ্চয় তহবিলে রাখা , অথবা অন্য কোন ব্যাঙ্কে যেখানে টাকা রাখার নিরাপত্তার ব্যবস্থা আছে অথবা দত্তকের জন্য নিরাপদ বন্ধক অথবা দত্তকের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত জায়গায় রাখা।
পারিবারিক আদালত আপনাকে অন্য কোন ব্যাঙ্কে , যেমন সুবিধাজনক ব্যক্তিগত মালিকানাধীন ব্যাঙ্কে , জমা করার অনুমতি দিতে পারে। দত্তকের সম্পত্তি রক্ষণাবেক্ষণ সম্পর্কে আপনাকে পারিবারিক আদালতের বিশেষ কোন দাবী ছাড়াই রশিদ জমা দিতে হবে এবং যদি অন্য কিছু

নির্ধারিত না হয় , তাহলে বছরে একবার হিসেবের বছর শেষ হওয়ার এক মাসের মধ্যে জমা দিতে হবে। হিসেবের বিলটি হতে হবে আয় ও ব্যয়ের সামগ্রিক হিসেব সম্বলিত , প্রতিটি আইটেমের রশিদ সাথে দিতে হবে।
আপনাকে কম পক্ষে বছরে একবার দত্তকের ব্যক্তিগত আচরণ সম্মন্ধে পারিবারিক আদালতকে জানাতে হবে।

খ) দত্তককে দেখাশুনার বিষয়ে আপনার আইনি লেন দেনের জন্য পারিবারিক আদালতের কাছ থেকে বেশ কিছু বিষয়ের জন্য অনুমতির দরকার হবে , যার মধ্যে
প্রথমে আছে :

১. দত্তকের দাবীর উপাস্থাপনা ।

২. ভুসম্পদের বিষয় আইনি লেনদেন অথবা ভুসম্পদের উপর অধিকার উধারন স্বরূপ ভুসম্পত্তি কেনা অথবা বেচা অথবা বন্ধক বা অন্যান্য আইনের অধিকারের জন্য সম্পত্তির উপর চাপের ক্ষেত্রে।

৩. সামগ্রিক ভাবে সম্পত্তি প্রাপ্তি অথবা উত্তরাধিকারের বিষয় বা ভবিষ্যতে সম্পদের আইনি উত্তরাধিকার প্রসঙ্গে।

৪. উত্তরাধিকার এর দ জন্য অথবা সম্পত্তির উত্তরাধিকার সম্পর্কে একটি চুক্তি।

৫. কেনা , বেচা , নির্মাণ অথবা অধিগ্রহণ বা ব্যবসা নিষ্পত্তি করে দেয়া।

৬. কোন একটি ভাড়া বা ইজারা চুক্তি , অথবা অন্য কোন চুক্তি যার মাধ্যমে দত্তক আবর্তক চুক্তির প্রতি প্রতিশ্রুতবদ্ধ থাকিবে , যদি চুক্তির মেয়াদ দত্তকের প্রাপ্ত বয়স হওয়ার পর এক বছর অতিক্রম করে এবং সেটাকে চালিয়ে নিতে হবে।

৭. একটি বৃত্তিমূলক প্রশিক্ষণ চুক্তি , যার পরিসমাপ্তি এক বছর শেষ হওয়ার আগে সম্ভব নয়।

৮. দত্তকের ঋণ প্রাপ্তির জন্য ,

৯. একটি গ্যারান্টির বিষয়ে পদক্ষেপ রাখা।

১০. একটি তুলনা বা সালিশি চুক্তি , যদি মামলার মূল্য ৩০০০, ০০ ইউরোর বেশি হয়। এটা তখন প্রযোজ্য নয়, যখন তুলনা লিখিত ভাবে অথবা আদালতের নিষ্পত্তি প্রস্তাবনা মেনে লিখিত ভাবে করা হয়।

একটি চুক্তি যা প্রয়োজনীয় অনুমতির আগেই সম্পন্ন করা হয়ে থাকলে ,সেটাকে প্রথমে অকার্যকর

ধরা পৃষ্ঠা ৩

হবে। আপনি পরে পারিবারিক আদালত থেকে অনুমতি তুলতে পারবেন এবং এগুলো চুক্তির অপর পক্ষকে

জানাবেন। এটা যথেষ্ট নয় যে , এই অনুমতি শুধু তৃতীয় পক্ষের মাধ্যমে অভিহত করা হবে। আপনি অবশ্যই সিদ্ধান্ত নেবেন, এই চুক্তিপত্র অনুমতি জানানোর মাধ্যমে কার্যকর করবেন কিনা।একটি **একতরফা** আইনি লেনদেন, যার জন্য অনুমতির প্রয়োজন , সেটা শুধুমাত্র আগে নেয়া **অনুমতিতে** কার্যকর হবে।

গ) অনুগ্রহ করে আপনার এবং দত্তকের ঠিকানা পরিবর্তনের সংবাদ দেরী না করে পারিবারিক আদালত ও যুব কল্যাণ অফিসকে জানাতে হবে।

ঘ) পারিবারিক আদালত আপনার সমস্ত কার্যকলাপ দেখাশুনা করবে এবং যুব কল্যাণ অফিস এ বিষয় সাহায্য করবে এবং তারা যে কোন সময় আপনার কাছ থেকে তথ্য জানতে চাইবে যে , আপনি কি ভাবে আপনার কাজ করছেন এবং দত্তকের সাথে আপনার সম্পর্কের বিষয়। যুব কল্যাণ অফিস – যদি প্রয়োজন মনে করে -তবে পারিবারিক আদালত আপনাকে আপনার এই বিষয়ে সংশ্লিষ্ট সব প্রশ্নের পরামর্শ দেবে । যদি কেও অভিভাবক হিসেবে তার দায়িত্ব লঙ্ঘন করেন , তাহলে এই দায়িত্ব লঙ্ঘন থেকে উদ্ভুত দত্তকের ক্ষতির জন্য তিনি দায়ী থাকবেন । এই ঝুঁকির জন্য আপনি বীমা করতে পারেন , এ বিষয়ে আরও তথ্য আপনি পারিবারিক আদালত থেকে জানতে পারবেন।

উ) আপনার দায়িত্ব তখনি শেষ হবে , যখন দত্তক প্রাপ্ত বয়সে পরিনিত হবে অথবা আপনাকে যদি এই কাজ থেকে অব্যহতি দেয়া হয়। আপনি অব্যহতি পেতে পারেন যদি আপনি গুরুত্বপূর্ণ কারণ দেখিয়ে আবেদন করেন অথবা যদি আপনার দ্বারা এই কাজ চালান দত্তকের স্বার্থের জন্য বিপদজনক হতে পারে বলে মনে করেন।